

“ICT ট্রেনিং” শিক্ষকদের দেওয়ার পূর্বে প্রাথমিক শিক্ষা অফিসারদের ট্রেনিং দেওয়া প্রয়োজন।

সম্মানিত প্রাথমিক শিক্ষা অফিসারদের প্রতি সম্মান রেখে কিছু সমস্যার কথা বলতে চাই। আমি সহকারী শিক্ষক, ডাওরী হাট সরকারী প্রাথমিক বিদ্যালয়, লালমোহন, ভোলা। এই শিক্ষকতার সুবাদে ICT ট্রেনিং এর সুযোগ পাই। আইসিটি ট্রেনিং করে নিজেকে একজন দক্ষ শিক্ষকে পরিণত করার জন্য, শিক্ষক বাতায়নে নিরলস ভাবে কাজ করে যাচ্ছি। তারই ধারাবাহিকতায় শিক্ষকদের জন্য অনলাইন প্ল্যাটফর্ম, মুক্তপাঠ, **Microsoft Innovative Educator**, থেকে ই-লার্নিং এর মাধ্যমে অনেকগুলো সার্টিফিকেট অর্জন করি। এবং শিক্ষক বাতায়নে ২৯ টি কন্টেন্ট করে জমা দিয়েছি। আমার বিদ্যালয়ে মাল্টিমিডিয়া ব্যবহার করে, শিখন শিখানো কার্যক্রম ও ঝড়ে পড়া রোধ করার জন্য নিরলসভাবে কাজ করে যাচ্ছি।

এরই ধারাবাহিকতায় ICT4E-a2i প্রধানমন্ত্রীর কার্যালয় হতে পরিচালিত শিক্ষক বাতায়নের মাধ্যমে জেলা এ্যাম্বাসেডর নির্বাচিত হই। ২৭/১১/২০১৭ তারিখে ভোলা জেলার ডিসি স্যারের কার্যালয়ে এ্যাম্বাসেডরদের পরিচিতি এবং দায়িত্ব বুঝিয়ে দেওয়া হয়।

জেলা এ্যাম্বাসেডর হিসেবে দায়িত্ব গ্রহণ করার পর ১৫/১২/২০১৭ ইং তারিখে ভোলা জেলা- লালমোহন উপজেলায় “শিক্ষক বাতায়ন ও কিশোর বাতায়ন” সম্পর্কে অবহিতকরণ ও করণীয় সম্পর্কিত অনুষ্ঠান করি। সেখানে সকল স্কুল, কলেজ ও মাদ্রাসার প্রধান ও **ICT Related** ২০০ জন শিক্ষক উপস্থিত ছিলেন। সেখানে মাননীয় উপজেলা নির্বাহী অফিসার জনাব মো: সামছুল আরিফ স্যার সভাপতি ছিলেন। প্রধান অতিথির বক্তব্য দেন উপজেলা চেয়ারম্যান অধ্যক্ষ গিয়াস উদ্দিন আহমেদ, উপজেলা পরিষদ এর ভাইস চেয়ারম্যান- জনাব মো: ফখরুল আলম হাওলাদার, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান - মাসুমা বেগম, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার- জনাব মোঃ রফিকুল ইসলাম একাডেমিক সুপারভাইজার জনাব মদন মন মন্ডল।

১২/০১/২০১৮ ইং তারিখে লালমোহন হা-মীম রেসি: স্কুল এন্ড কলেজে শিক্ষক বাতায়ন সদস্যকরণ কর্মশালার অনুষ্ঠান করি। সেখানে উপস্থিত ছিলেন পরিচালক মো: রুহুল আমিনসহ সকল শিক্ষক/শিক্ষিকাগণ।

নিজ বিদ্যালয়ের পাশাপাশি, অন্য বিদ্যালয়গুলোতে শিক্ষক বাতায়নে সদস্য করা, ডিজিটাল কন্টেন্ট তৈরীতে সহায়তা করা এবং জেলা ব্যান্ডিং নিয়ে কাজ করে যাচ্ছি।

কিন্তু সমস্যা হচ্ছে যে, আমাদের উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসারদের পক্ষ থেকে কোন প্রকার সহযোগিতা পাওয়া যাচ্ছে না, বরং যত প্রকার বাধা প্রদান করে যাচ্ছেনা যেমন জানুয়ারী মাসের ৩ তারিখে বিকাল ৪টায় ২৫-৩০ জন শিক্ষকদের নিয়ে শিক্ষক বাতায়ন, ডিজিটাল কন্টেন্ট সম্পর্কে আলোচনার জন্য সিদ্ধান্ত হয়, সে মোতাবেক-একদিন পূর্বে শিক্ষা অফিসারের কাছে সহযোগিতা চাওয়া হলে, তিনি আমাকে বলেন – এটা করলে কি হবে, আর না করলে কী হবে? এসব চালাকি কোথা থেকে শিখছে? কত বড় নেতা হতে চাও? আইসিটি / টাইসিটি আমাকে শিখাইতে আসবানা। তুমি শিক্ষা অফিসার, না আমি শিক্ষা অফিসার। আমি যত দিন এখানে শিক্ষা অফিসার আছি ততদিন এখানে তা হবে না। এর পর আমাকে অনেক প্রকার হুমকি ধামকি দেনা।

আমি অবাক হয়ে, স্যারের দিকে তাকিয়ে রইলাম, বললাম – আপনি আমার বাবার বয়সি, তাই আমি ক্ষমা চাচ্ছি, আমি কোন অন্যায় কাজ করিনি, বলে চলে আসলাম। এরপর জেলা এ্যাসোসিয়েটের হিসেবে আমার সকল দায়িত্ব ও পরিকল্পনা স্থগিত রাখলাম, কেননা আমি একজন সহকারী শিক্ষক হয়ে, শিক্ষা অফিসারের সঙ্গে কোন প্রকার ঝামেলায় জড়াতে চাইনা।

তাই আমি একজন শিক্ষক ও জেলা এ্যাসোসিয়েটের হিসাবে বলবো – সবার আগে প্রাথমিক শিক্ষা অফিসারদেরকে, “শিক্ষক বাতায়ন” “ডিজিটাল কন্টেন্ট” সম্পর্কে সুস্পষ্ট ধারণা দেয়া উচিত। তা না হলে, মানবসম্পদ উন্নয়ন, কার্যকরভাবে জটিল সেবা প্রদান এবং জ্ঞান-দক্ষতা ও কর্মসংস্থানের মধ্যে যথাযথ সেতুবন্ধন তৈরির কৌশল নিয়ে তথ্য-প্রযুক্তি খাতে কাজ করা।

“২০২১ সালের মধ্যে নয় লাখ শিক্ষকের সবাইকে শিক্ষক বাতায়নে আনার লক্ষ্যে কাজ চলছে- মাননীয় প্রধানমন্ত্রী ”

এবং সরকারে ICT4E –a2i মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের সকল উদ্দেশ্য বাধাগ্রস্ত হচ্ছে। এসব প্রাথমিক শিক্ষা অফিসাদের জন্য, যার ফলে আমাদের উপজেলায় প্রাথমিক শিক্ষকদের জন্য “শিক্ষক বাতায়ন” “ডিজিটাল কন্টেন্ট” এ কাজ করা, জেলা এ্যাম্বাসেডর হিসাবে সকল দায়িত্ব ও পরিকল্পনা সবই স্থগিত হয়ে যাচ্ছে।

বিষয়টি অতিদ্রুত গুরুত্বের সাথে বিবেচনা করবেন বলে, আশা করি।

মুহা: হাবিবুল্যাহ  
জেলা এ্যাম্বাসেডর -ICT4E-a2i  
সহকারী শিক্ষক  
ডাওরী হাট সরকারী প্রাথমিক বিদ্যালয়  
লালমোহন, ভোলা  
01710897104,  
E-mail: habibcompute@gmail.com